

B.A. 6th Semester (General) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাধারণ)

Course: DSE-1B/2B

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

(উনিশ শতকের বাংলা নাটক)

১। পূর্ণবাক্যে যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) হিন্দু থিয়েটার কে, কবে প্রতিষ্ঠা করেন?
- (খ) 'ভানুমতী চিত্তবিলাস' নাটকটির নাট্যকার কে? নাটকটি শেক্সপিয়ারের কোন নাটকের ভাবানুবাদ?
- (গ) 'কুলীনকুলসর্বস্ব' নাটকটির নাট্যকার কে? নাটকটির প্রকাশকাল উল্লেখ করো।
- (ঘ) মধুসূদন দত্তের প্রথম নাটকের নাম ও তার প্রকাশকাল লেখো।
- (ঙ) মনোমোহন বসুর যে-কোনো দুটি নাটকের নাম লেখো।
- (চ) প্রকাশকালসহ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের একটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।
- (ছ) 'জমীদার দর্পণ' নাটকটি কবে প্রকাশিত হয়? নাট্যকারের নাম লেখো।
- (জ) সাধারণ রঙ্গালয় কবে প্রতিষ্ঠিত হয়? এই রঙ্গালয়ে অভিনীত প্রথম নাটকটির নাম কী?
- (ঝ) 'কঙ্কি অবতার' প্রহসনটি কে রচনা করেন? এর প্রকাশকাল উল্লেখ করো।
- (ঞ) 'বিসর্জন' কার লেখা? এর প্রথম প্রকাশকাল উল্লেখ করো।
- (ট) 'প্রফুল্ল' কার লেখা? এই নাটকের একটি কেন্দ্রীয় চরিত্রের নাম লেখো।
- (ঠ) নাট্যনিয়ন্ত্রণ আইন কবে পাস হয়?
- (ড) বেলগাছিয়া নাট্যশালা কর্তৃপক্ষ মধুসূদন দত্তকে কার কোন নাটকের ইংরেজি অনুবাদের দায়িত্ব দিয়েছিলেন?
- (ঢ) প্রকাশকালসহ কালীপ্রসন্ন সিংহের একটি মৌলিক নাটকের নাম লেখো।
- (ণ) উনিশ শতকের দুটি 'দর্পণ' নাটকের নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৫=২০

- (ক) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে 'কীর্তিবিলাস' ও 'ভদ্রার্জুন' নাটকদুটির গুরুত্ব আলোচনা করো।
- (খ) বাংলা প্রহসনে মধুসূদন দত্তের বিশেষ কৃতিত্ব আলোচনা করো।
- (গ) বাংলা নাটকের আদি-পর্বে নাট্য রচনায় মধুসূদন দত্তের আবির্ভাবের পূর্বে সমাজ-সমস্যামূলক নাটক রচনার সংক্ষিপ্ত ইতিহাসটি লেখো।

- (ঘ) বাংলা প্রহসনে জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের অবদান সংক্ষেপে নিজের ভাষায় আলোচনা করো।
 (ঙ) বাংলা নাট্যসাহিত্যে উপেন্দ্রনাথ দাসের অবদান আলোচনা করো।
 (চ) বাংলা নাটকে রাজকৃষ্ণ রায়ের অবদান নিজের ভাষায় আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) দীনবন্ধু মিত্রের নাট্যপ্রতিভা সংক্ষেপে নিজের ভাষায় আলোচনা করো।
 (খ) পৌরাণিক ও ভক্তিমূলক নাটকে গিরিশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।
 (গ) “অমৃতলালের প্রতিভার বৈশিষ্ট্য হাস্যরসের অবতারণায়, গভীর বিষয়ের বর্ণনায় নহে।”— এই মন্তব্যের আলোকে অমৃতলাল বসুর নাট্যপ্রতিভার স্বরূপ উন্মোচন করো।
 (ঘ) উনিশ শতকে লেখা নাটকগুলির উপর ভিত্তি করে রবীন্দ্রনাথ ঠাকুরের নাট্যপ্রতিভা আলোচনা করো।

অথবা,

(উনিশ শতকের বাংলা প্রবন্ধ)

১। পূর্ণবাক্যে যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) মৃত্যুঞ্জয় বিদ্যালয়কারের লেখা একটি প্রবন্ধগ্রন্থের প্রকাশকালসহ নাম লেখো।
 (খ) ‘পাষণ্ডপীড়ন’ গ্রন্থটি কে লেখেন? এর প্রকাশকাল লেখো।
 (গ) ‘ত্ৰীশিক্ষা বিধায়ক’ গ্রন্থটির লেখকের নাম ও প্রকাশকাল লেখো।
 (ঘ) ‘বেদান্তচন্দ্রিকা’ গ্রন্থটির লেখক কে? গ্রন্থটি কার গ্রন্থের নিন্দা করে লেখা?
 (ঙ) রামমোহন রায় ‘পথ্যপ্রদান’ গ্রন্থটি কার, কোন গ্রন্থের প্রত্যুত্তরে লিখেছিলেন?
 (চ) প্রকাশকালসহ কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
 (ছ) অক্ষয়কুমার দত্ত সম্পাদিত বিখ্যাত পত্রিকাটির নাম লেখো। পত্রিকাটি কোন সংগঠনের মুখপত্র ছিল?
 (জ) বিধবা বিবাহ বিষয়ে বিদ্যাসাগরের দুটি গ্রন্থের নাম লেখো।
 (ঝ) ‘ব্রজবিলাস’ গ্রন্থটির লেখক কে? গ্রন্থটি কী বিষয়ে লেখা হয়েছিল?
 (ঞ) সত্যেন্দ্রনাথ ঠাকুরের দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
 (ট) বঙ্কিমচন্দ্রের ‘কমলাকান্ত’ গ্রন্থের কয়টি অংশ ও কী কী?
 (ঠ) বাংলার কৃষকদের নিয়ে লেখা বঙ্কিমচন্দ্রের প্রবন্ধটির নাম ও প্রকাশকাল উল্লেখ করো।
 (ড) প্রকাশকালসহ বিবেকানন্দের দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
 (ঢ) ‘যুরোপ প্রবাসীর পত্র’ গ্রন্থটির লেখক কে? গ্রন্থটির প্রকাশকাল লেখো।
 (ণ) হরপ্রসাদ শাস্ত্রীর একটি প্রবন্ধের নাম লেখো। প্রবন্ধটি কবে প্রকাশিত হয়?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৫=২০

- (ক) বাংলা প্রবন্ধ-সাহিত্যে রাজকৃষ্ণ মুখোপাধ্যায়ের অবদান আলোচনা করো।
- (খ) প্রাবন্ধিক দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের মূল্যায়ন করো।
- (গ) রাজনারায়ণ বসুর প্রবন্ধের পরিচয় দাও।
- (ঘ) বিজ্ঞানধর্মী প্রবন্ধ রচনায় বঙ্কিমচন্দ্রের দক্ষতার পরিচয় দাও।
- (ঙ) বিদ্যাসাগরের ব্যঙ্গরচনাগুলির পরিচয় দাও।
- (চ) প্যারীচাঁদ মিত্রের প্রবন্ধের মূল্যায়ন করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) বাংলা প্রবন্ধ-সাহিত্যের বিকাশে রামমোহন রায়ের অবদান আলোচনা করো।
- (খ) উনিশ শতকের বিশিষ্ট প্রাবন্ধিক অক্ষয়কুমার দত্তের প্রবন্ধ-সাহিত্যের মূল্যায়ন করো।
- (গ) উনিশ শতকে সমাজ-সমস্যা বিষয়ক প্রবন্ধের ধারা সম্পর্কে একটি নাতিদীর্ঘ নিবন্ধ রচনা করো।
- (ঘ) বাংলা প্রবন্ধ-সাহিত্যে ভূদেব মুখোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।